

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৪৮৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

الْفَصْلُ الثَّنْفُ (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَالِ)

আরবী

وَعَنْ عَمْرٍو بْنِ حُرَيْثٍ عَنْ أَبِي بَكْرٍ الصِّدِّيقِ قَالَ: حَدَّثَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: الدَّجَالُ يَخْرُجُ مِنْ أَرْضِ الْمَشْرِقِ يُقَالُ لَهَا: خُرَّاسَانُ يَتَّبَعُهُ أَقْوَامٌ كَأَنَّ وُجُوهُهُمْ الْمَجَانُّ الْمَطْرَقَةُ . رَوَاهُ التِّرْمِذِيُّ

حسن ، رواه الترمذی (2237) وقال : حسن غریب) -

(صَحِيح)

বাংলা

৫৪৮৭-[২৪] 'আমর ইবনু হুরায়স (রহিমাল্লাহ) আবু বকর সিদ্দীক (রাঃ) থেকে বর্ণনা করেন। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: দাজ্জাল পূর্বাঞ্চলের খুরাসান এলাকা থেকে বের হবে, এমন এক গোত্র তার আনুগত্য গ্রহণ করবে যাদের চেহারা হবে ঢালের মতো চ্যাপ্টা। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিযী ২২৩৭, ইবনু মাজাহ ৪০৭২, সহীহুল জামি' ৩৪০৪, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৫৯১, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৪, মুসনাদে বাযযার ৪৭, মুসনাদে আহমাদ ৩৩, আবু ইয়া'লা ৩৩, আল মুসতাদরাক লিল হাকিম ৮৬০৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الدَّجَالُ يَخْرُجُ مِنْ أَرْضِ الْمَشْرِقِ) দাজ্জাল পূর্বদিক থেকে যাকে সিরিয়া বলা হয় সেই দেশে আত্মপ্রকাশ

করবে। আর যারা তাকে অনুসরণ করবে তাদের মুখের আকৃতি হবে ঢালের মতো প্রশস্ত মুখবিশিষ্ট। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২২৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবন হুরায়স (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85465>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন